

স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

প্রথম বর্ষ, দ্বিতীয় সেমেস্টার

বাংলা বিভাগ

কোর্স : পি জি - ২.৫৬সি

বিষয় : আধুনিক বাংলা কবিতা - পর্ব II

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

১. বিশ শতকের কবিতাভাবনা উনিশ শতকের কবিতাভাবনার তুলনায় অনেক বেশি জটিল হওয়া অনিবার্য — দুই শতকের অন্তত একটি করে বাংলা প্রবন্ধ আলোচনার সূত্রে প্রসঙ্গটি বিশ্লেষণ করো।

২. “একটি লেখা কেন কবিতা হয়ে ওঠে, আরেকটি কেন হয় না, এই প্রশ্নের উত্তর বলা সহজ নয়। এইটুকু শুধু বলা যায় যে বাণীর মহিমাই কবিতার মহিমা নয়।... কবিতা হিসেবে আত্মদানের জন্য আমরা অপেক্ষা করি তার রূপের, তার প্রকাশের।” ‘নিঃশব্দের তর্জনী’ গ্রন্থের ‘ভূমিকা’ অংশে এই কথা লিখছিলেন শঙ্খ ঘোষ। এই মন্তব্যটি তোমার নিজস্ব অভিমত-সহ বুঝিয়ে লেখো।

৩. সুনীল গঙ্গোপাধ্যায়ের যে-কবিতাগুলিকে বিশেষভাবে তাঁর সমাজ ও রাজনৈতিক বোধের কবিতা হিসেবে চিহ্নিত করা যায় সেগুলির মধ্যেও মিশে থাকে তাঁর প্রেম ও সৌন্দর্যচেতনা। এই মন্তব্যের সঙ্গে কি তুমি সহমত হবে? তোমার মত উদাহরণ-সহ বুঝিয়ে লেখো।

৪. একদিকে দেবারতি মিত্র, ভাস্কর চক্রবর্তীদের নিভৃত কবিতা, অপর দিকে হাংরি আন্দোলনের তীব্র উচ্চকিত উচ্চারণ — দুই বিপরীতকে ধরে আছে বিশ শতকের ছয়ের দশকের বাংলা কবিতা। মন্তব্যটির বিচার করো।